

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪৮৯৮

আগরতলা, ১৯ ফেব্রুয়ারি, ২০২৪

আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ
দ্বিতীয় বর্ষের জন্য ভর্তির অনুমোদন

আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ ও আই জি এম হাসপাতালের বিডিএস কোর্সের দ্বিতীয় বর্ষের জন্য পুনর্নবীকরণ করার অনুমতি দিয়েছে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের ডেন্টাল এডুকেশন শাখা। ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ৫০ আসন বিশিষ্ট এই কলেজে দ্বিতীয় বর্ষের জন্য ভর্তির অনুমোদন দেওয়া হয়েছে। ভারত সরকারের অবর সচিব এক চিঠিতে আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ এবং আই জি এম হাসপাতালের অধ্যক্ষকে এই পুনর্নবীকরণের বিষয়ে জানিয়েছেন। তিনি চিঠিতে জানিয়েছেন, ২০২৫-২৬ শিক্ষাবর্ষে বর্ধিত বিডিএস কোর্সের আসনে পরবর্তী ব্যাচে ছাত্রছাত্রীদের ভর্তির বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীনে রয়েছে।
